



যুক্তরাষ্ট্রের আটক জাহাজ অবিলম্বে ফেরত চাইল ইরান



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্রের নৌবাহিনী ওমান উপসাগরে একটি ইরানি মালবাহী জাহাজ আটক করার পর তীব্র প্রতিক্রিয়া জানিয়েছে তেহরান। ঘটনার পর জাহাজ, এতে থাকা নাবিক ও ক্রু সদস্যদের দ্রুত মুক্তির দাবি জানিয়েছে ইরান সরকার।

মঙ্গলবার (২১ এপ্রিল) ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে এ অবস্থান জানানো হয়। সেখানে বলা হয়, আটক করা জাহাজ ও সংশ্লিষ্টদের অবিলম্বে ছেড়ে দিতে হবে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বক্তব্য অনুযায়ী, রোববার (১৯ এপ্রিল) ওমান উপসাগরে মার্কিন নৌবাহিনীর নিষেধাজ্ঞা অমান্য করে চলাচলের চেষ্টা করায় ইরানি পতাকাবাহী ওই জাহাজটি আটক করা হয়। এ সময় জাহাজটির ওপর গুলিবর্ষণের ঘটনাও ঘটে বলে দাবি করা হয়। মার্কিন সামরিক বাহিনীর প্রকাশিত ভিডিওতে দেখা যায়, একটি গাইডেড-মিসাইল ডেস্ট্রয়ার থেকে গুলি ছোড়া হচ্ছে এবং হেলিকপ্টার থেকে নেমে সেনারা জাহাজে প্রবেশ করছে। ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয় এই ঘটনাকে ‘গুরুতর ও অপরাধমূলক পদক্ষেপ’ হিসেবে উল্লেখ করেছে এবং এর কঠোর জবাব দেওয়ার হুঁশিয়ারি দিয়েছে। বিবৃতিতে আরও বলা হয়, নিজেদের জাতীয় স্বার্থ, নিরাপত্তা এবং নাগরিকদের অধিকার রক্ষায় প্রয়োজনীয় সব পদক্ষেপ নিতে প্রস্তুত ইরান। একই সঙ্গে এ অঞ্চলে উত্তেজনা বৃদ্ধির দায় সম্পূর্ণভাবে যুক্তরাষ্ট্রের ওপর বর্তাবে বলেও মন্তব্য করা হয়।

তবে জাহাজে ঠিক কতজন ছিলেন এবং তারা কোন দেশের নাগরিক—এ বিষয়ে এখনো পরিষ্কার তথ্য পাওয়া যায়নি। জাহাজের বর্তমান অবস্থাও নিশ্চিত করেনি সংশ্লিষ্ট পক্ষগুলো। বিষয়টি নিয়ে মার্কিন সেন্ট্রাল কমান্ডের সঙ্গে যোগাযোগ করেছে আন্তর্জাতিক সংবাদমাধ্যম সিএনএন।